

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ২৩ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২২৫-আইন/২০১৫।—Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953) এর section 102, Building Construction Act, 1952 (Act No. II of 1953) এর section 18 এবং মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬ নং আইন) এর ধারা ১৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর দফা (ঝ) এর পর নিম্নরূপ দফা (ঝঝ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঝঝ) “বিদ্যমান প্রকল্প” অর্থ তফসিল ৮ এ উল্লিখিত অনুমোদিত বা অননুমোদিত কোনো প্রকল্প ;”;

(২) বিধি ৪ এর পর নিম্নরূপ বিধি ৪ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৪ক। বিদ্যমান প্রকল্প অনুমোদন, সংশোধন, ইত্যাদি সম্পর্কিত বিধান।—(১) এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, বিদ্যমান প্রকল্পের অনুমোদন, পরিবর্তন, সংশোধন বা সম্প্রসারণের ক্ষেত্রে উপ-বিধি (২), (৩), (৪) ও (৫) এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৫৫৪৯)

মূল্য : টাকা ১৬.০০

- (২) তফসিল-৮ এ উল্লিখিত অনুমোদিত বিদ্যমান প্রকল্প ১ মার্চ, ২০০৮ তারিখের পূর্বে যে সকল বিধি-বিধান/শর্ত অনুসরণে অনুমোদিত হইয়াছিল সেই একই বিধি-বিধান/শর্ত অনুসারে পরিবর্তন বা সংশোধন করা যাইবে।
- (৩) তফসিল-৮ এ উল্লিখিত অননুমোদিত বিদ্যমান প্রকল্প উদ্যোক্তার আবেদনের প্রেক্ষিতে উপ-বিধি (২) এ উল্লিখিত অনুমোদিত বিদ্যমান প্রকল্প ১ মার্চ, ২০০৮ তারিখের পূর্বে যে সকল বিধি-বিধান/শর্ত অনুসরণে অনুমোদন করা হইয়াছে সেই একই বিধি-বিধান/ শর্ত অনুসারে অনুমোদন করা যাইবে।
- (৪) উপ-বিধি (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন উদ্যোক্তার আবেদনের প্রেক্ষিতে কোন বিদ্যমান প্রকল্প এই বিধিমালার বিধান অনুসারে পরিবর্তন বা সংশোধন করা যাইবে।
- (৫) উপ-বিধি (২), (৩) ও (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন বিদ্যমান প্রকল্পের সম্প্রসারণ করিবার ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে।";
- (৩) বিধি ৬ এর দফা (ঢ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঢ) প্রতিস্থাপিত হইবে, যথা:—
- "(ঢ) প্রকল্প এলাকায় Waste Water & Sewerage Treatment Plant, Composting Plant ইত্যাদি নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি লে-আউট প্লানে থাকিতে হইবে, যাহা প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ক্রয় বা সমঝোতার ভিত্তিতে গ্রহণ করিয়া ঢাকা ওয়াসা/সংশ্লিষ্ট স্থানীয় সরকার বা পৌর কর্তৃপক্ষ উপরোক্ত প্লান্ট তৈরি করিবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত Plant বাস্তবায়নে আগ্রহী না হইলে উদ্যোক্তা উক্ত Plant সমূহ বাস্তবায়নে আগ্রহী অন্য যে কোন দেশী/বিদেশী, ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট সংরক্ষিত উক্ত জমি হস্তান্তর করিতে পারিবেন, তবে উক্ত রূপেও Plant বাস্তবায়ন করা সম্ভব না হইলে এবং প্রকল্প এলাকা ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা ওয়াসার আওতার বাহিরে হইলে, সেইক্ষেত্রে উদ্যোক্তাদের নিজস্ব খরচে সরকারি নীতিমালা অনুযায়ী BOT (Build-Operate-Transfer) পদ্ধতিতে Waste Water & Sewerage Treatment Plant, Composting Plant ইত্যাদি নির্মাণের ব্যবস্থা সম্পন্ন করিয়া ইহা সংশ্লিষ্ট স্থানীয় সরকার, প্লট/ফ্ল্যাট মালিক সমিতি বা পৌর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিবে;"
- (৪) বিধি ৭ এর—
- (ক) উপ-বিধি (১) এর "সফ কবলা দলিলমূলে কিংবা ভূমি উন্নয়ন চুক্তি অথবা ভূমি পুনর্বিন্যাসকরণ চুক্তির আওতায় প্রকল্পের মোট ভূমির পরিমাণ ন্যূনতম ৭৫% হইলে প্রস্তাবিত প্রকল্প অনুমোদনযোগ্য হইবে এবং সেই ক্ষেত্রে প্রকৃত মালিকানাধীন ভূমির বিপরীতে প্রকল্প অনুমোদিত হইবে" শব্দগুলি, সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "সফ কবলা দলিল মূলে ৭০% ভূমিসহ ভূমি উন্নয়ন চুক্তি

অথবা ভূমি পুনর্বিন্যাসকরণ চুক্তির আওতায় প্রকল্পের মোট ভূমির পরিমাণ ন্যূনতম ৭৫% হইলে প্রস্তাবিত প্রকল্প অনুমোদনযোগ্য হইবে ও উহা বিক্রয় করা যাইবে, এবং অবশিষ্ট ২৫% ভূমি কেবল কর্তৃপক্ষের অনুমতি এবং ক্ষতিগ্রস্ত মালিকদের অনাপত্তি গ্রহণ সাপেক্ষে বিক্রয় করা যাইবে” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে। যথা:—

“(৩) উপ-বিধি (১) এর অধীন অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিগ্রস্ত বসতবাড়ীর মালিককে তাহার ভূমি প্রকল্পভুক্ত হওয়ার কারণে প্রকল্প এলাকার মধ্যেই উন্নয়নকৃত পুনর্বাসন প্লট প্রদান করিতে হইবে, যাহার আয়তন অধিগ্রহণকৃত ভূমির আয়তনের ৫০% এর কম হইবে না এবং ক্ষতিগ্রস্ত বসতবাড়ীর মালিকের নিকট পুনর্বাসন প্লটের মূল্য বাবদ কোনরূপ অর্থ দাবী করা যাইবে না।”;

(৫) বিধি ৯ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) আবাসিক প্লট হিসাবে চিহ্নিত ৭০% ভূমি ও তফসিল-৩ এর ক্রমিক নং ১ হইতে ৬ উল্লিখিত * (এক তারকা) চিহ্নিত সুবিধাদি বিক্রয়যোগ্য হইবে এবং নগর পরিকল্পনা দৃষ্টিকোন হইতে বেসরকারি আবাসিক প্রকল্প এলাকার প্রতিটি বাড়ির অবস্থান, রক, সেক্টর, পার্শ্ববর্তী বাড়ীর অবস্থান (Block/Sector/Zone/Neighborhood) এ নিরূপিত জনসংখ্যার বিবেচনায় বিস্তারিত ভূমি ব্যবহার সিডিউল প্রস্তুত করিয়া লে-আউট প্লানে প্রদর্শন করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) প্রকল্প এলাকাভুক্ত যে স্থানকে যে নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের জন্য চিহ্নিত করা হইবে সেই স্থানকে শুধুমাত্র সেই উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে এবং অন্য কোন উদ্দেশ্যে উক্ত স্থানকে ব্যবহার করা যাইবে না বা পরিবর্তন করা যাইবে না অথবা কর্তৃপক্ষ উক্তরূপ ব্যবহার ও পরিবর্তনের অনুমতি প্রদান করিবে না এবং তফসিল-৩ অনুসারে বিভিন্ন নাগরিক সুযোগ-সুবিধা এবং ইউটিলিটি সার্ভিস (Space Standards for Community facilities) এর বিবরণ লে-আউট প্লানে প্রদর্শন করিতে হইবে।”;

(গ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) যদি কোন খাল, বিল, নদী, নালা বা জলাধারের পানি প্রকল্প এলাকার উপর দিয়া প্রবাহিত হইয়া ক্ষেত্রমত কোন খাল, বিল, নর্দমা, নদী, নালা বা জলাধার এলাকায় বহির্গমন করিয়া থাকে বা প্রকল্প এলাকার কোন ভূমি সি এস, এস এ এবং আর এস নকশায় খাল, বিল, নর্দমা, নদী, নালা বা জলাধার হিসাবে দেখানো থাকে সেইরূপ কোন ভূমি বিক্রয় করা যাইবে না এবং ইহার কোন ব্যত্যয় ঘটিলে অথবা অনুমোদিত লে-আউট প্লানে প্রদর্শিত কোন খাল, বিল, নর্দমা, নদী, নালা বা জলাধার ইত্যাদির স্থান ভরাট বা সংকুচিত করিয়া প্লট সৃষ্টি ও বরাদ্দ প্রদান করা হইলে সংশ্লিষ্ট উদ্যোক্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।";

(৬) বিধি ১০ এর—

(ক) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) প্রকল্প এলাকায় ন্যূনতম ৩০ (ত্রিশ) ভাগ ভূমি নাগরিক সুবিধাদি এবং বিভিন্ন ইউটিলিটি সার্ভিসের জন্য সংরক্ষিত থাকিবে এবং ইহাতে সকল সড়ক নেটওয়ার্ক, শিক্ষা প্রতিষ্ঠান, কাঁচা বাজার ও মার্কেট স্থাপন, স্বাস্থ্য ব্যবস্থা, ধর্মীয় প্রতিষ্ঠান, কমিউনিটি সেন্টার, কবরস্থান, পার্ক, খেলার মাঠ এবং বিভিন্ন ইউটিলিটি সার্ভিসের জন্য তফসিল-৩ অনুসারে বিভিন্ন নাগরিক সুযোগ-সুবিধা এবং ইউটিলিটি সার্ভিসের (Space Standards for Community facilities) বিভাজনপূর্বক Detailed Lay-Out Plan প্রণয়ন করিতে হইবে।";

(খ) উপ-বিধি (৬)—

(অ) এ দুইবার উল্লিখিত দফা (ঘ) ও (ঘ) যথাক্রমে, দফা (ঘ) ও (ঘঘ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;

(আ) এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) এ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঙ) প্রকল্প এলাকার জনসংখ্যা অনূর্ধ্ব ৫৫ (পঞ্চাশ) হাজার হইলে প্রয়োজনীয় পরিমাণ জায়গা খেলার মাঠ হিসাবে একত্রে থাকিতে হইবে, তদূর্ধ্ব জনসংখ্যার ক্ষেত্রে ন্যূনতম ১.৬ একর জায়গা খেলার মাঠ হিসাবে একত্রে থাকিতে হইবে এবং জনসংখ্যা ন্যূনতম ৫০ (পঞ্চাশ) হাজার এর ক্ষেত্রে কবরস্থান হিসাবে ন্যূনতম ০.৩৩ একর জায়গা সংরক্ষিত থাকিতে হইবে, জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে আনুপাতিক হারে উক্ত সুবিধাদির আয়তন বৃদ্ধি পাইবে;"

(৭) বিধি ১৪ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (জ), (ঝ) ও (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (জ), (ঝ) ও (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(জ) প্রকল্পের ভূমি উন্নয়ন (উপকরণের উৎসসহ);

(ঝ) প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন (Initial Environment Impact Assessment);

(ঞ) প্রকল্পের বিশদ ভূমি ব্যবহার তফসিল (Detailed Land Use Schedule);";

(আ) দফা (ঠ) এর উপ-দফা (ই), (ঈ) ও (উ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ই), (ঈ) ও (উ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ই) বিদ্যমান টোপোগ্রাফিক্যাল জরিপ ম্যাপের (Topographical Survey Map) উপর সকল উপাত্তসহ ০.৩০৪৮ মিটার ব্যবধানে সমোন্নতি রেখার নকশা/ম্যাপ (Contour Map) (স্কেল ১ : ১৯৮০);

(ঈ) ১ : ১৯৮০ স্কেলে প্রণীত প্রকল্পের বিশদ লে-আউট (Detailed Layout Plan);

(উ) ১ : ৩৯৬০ স্কেলে নিম্নবর্ণিত ২ (দুই) সেট নকশা ও পরিকল্পনা যথা:—

(১) ভূমির বিস্তারিত পুনর্বিভাজন পরিকল্পনা (Sectoral/Block/ Zonal/ Neighbourhood Plan);

(২) সড়ক যোগাযোগ পরিকল্পনা (Road Network Plan);

(৩) নিষ্কাশন (Drainage) পরিকল্পনা;

(৪) পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা (Treatment and Final disposal) কঠিন বর্জ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা, গ্যাস সরবরাহ, বিদ্যুৎ সরবরাহ, টেলিফোন সুবিধা ইত্যাদির ইউটিলিটি সার্ভিস প্ল্যান;

(৫) পরিবহন পরিচালন পরিকল্পনা (Traffic Circulation Plan);

- (৬) এই বিধি অনুযায়ী প্রদেয় অন্য যে কোন নকশা (প্ল্যান) এবং তথ্যাদি;
- (৭) কমিটি কর্তৃক লে-আউট প্ল্যান চূড়ান্তভাবে অনুমোদনের পর সেই ভিত্তিতে (কোন সংশোধন থাকিলে তাহা সন্নিবেশিত করিয়া) প্রতিটি নকশা, ম্যাপ এবং প্ল্যানের ৭ (সাত) সেট;"
- (ই) দফা (ড) এর "Mylar Print" শব্দগুলির পরিবর্তে "কালার প্রিন্ট এবং এক কপি ট্রেসিং প্রিন্ট" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঈ) দফা (ঢ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঢ) প্রতিস্থাপিত হইবে, যথা:—
 "(ঢ) সকল ম্যাপ, ডাটাবেইজ, রিপোর্ট এর ৩ (তিন) সেট সফট কপি কর্তৃপক্ষের নির্ধারিত ফরমেট অনুযায়ী সংযুক্ত করিতে হইবে।";
- (খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—
 “(২) আবেদনকারী প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি ও নিম্নবর্ণিত ছাড়পত্রসমূহ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে, যথা:—
 (ক) পরিবেশ অধিদপ্তর হইতে প্রকল্পের পরিবেশের উপর প্রভাব বিস্তার ও অবস্থানের বিষয়ে পরিবেশগত ছাড়পত্র;
 (খ) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ হইতে প্রকল্প এলাকা ও তৎসংলগ্ন এলাকার ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ক ছাড়পত্র;
 (গ) কেপিআইডিসি হইতে ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।”;
- (৷) বিধি ১৬ এর উপ-বিধি (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—
 “(গ) অনুমোদিত লে-আউট প্ল্যানের প্রতিটি কপিতে সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং নগর পরিকল্পনাবিদ (নগর পরিকল্পনা ও বাস্তবায়ন), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ স্বাক্ষর করিবেন এবং তন্মধ্যে একটি কপি কমিটির নিকট এবং অনুমোদন পত্র সহকারে ৪ (চার) কপি আবেদনকারীকে প্রদান করিতে হইবে এবং অবশিষ্ট কপিগুলো কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকিবে।”;

(৯) তফসিল-৩ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“তফসিল-৩

[বিধি ৯(১) এবং বিধি ১০(৩) দ্রষ্টব্য]

ক্রমিক নং	জনসংখ্যার আকারের ভিত্তিতে আরবান কমিউনিটি সেবাসমূহের আদর্শ পরিমাপ একরে (হেক্টর)।											পরবর্তী যে কোন জনসংখ্যার ক্ষেত্রে হাজার প্রতি আদর্শ পরিমাণ একর (হেক্টর) অনুযায়ী নির্ধারিত হইবে
	কমিউনিটি সেবাসমূহ	প্রতি ১০০০ জনসংখ্যায় সেবাসমূহ	২৫০০	৫০০০	১০০০০	১৫০০০	২০০০০	২৫০০০	৫০০০০	১০০০০০	১৫০০০০	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
শিক্ষা												
১.	নার্সারি এবং প্রাথমিক বিদ্যালয়*	০.০৩৮ (.০১৫)	০.০৯৫ (.০৩৮)	০.১৯০ (.০৭৬)	০.৩৮০ (.১৫২)	০.৫৭০ (.২২৮)	০.৭৬০ (.৩০৪)	০.৯৫০ (.৩৮০)	১.৯০ (.৭৬০)	৩.৮০০ (১.৫২০)	৫.৭০০ (২.২৮০)	-
২.	মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজ*	০.০৪০ (.০১৬)	০.১০০ (.০৪০)	০.২০০ (.০৮০)	০.৪০০ (.১৬০)	০.৬০০ (.২৪১)	০.৮০০ (.৩২১)	১.০০০ (.৪০১)	২.০০০ (.৮০২)	৪.০০০ (১.৬০৪)	৬.০০০ (২.৪০৬)	-
স্বাস্থ্য সেবা												
৩.	ছোট ক্লিনিক এবং হাসপাতাল*	০.০৩০ (.০১২)	০.০৭৫ (.০৩০)	০.১৫০ (.০৬০)	০.৩০০ (.১২০)	০.৪৫০ (.১৮০)	০.৬০০ (.২৪১)	০.৭৫০ (.৩০১)	১.৫০০ (.৬০২)	৩.০০০ (১.২০৩)	৪.৫০০ (১.৮০৫)	-
কমিউনিটি সেবাসমূহ												
৪.	ক্রীড়াসংঘ এবং কমিউনিটি সেন্টার*	০.০২০ (.০০৮)	০.০৫০ (.০২০)	০.১০ (.০৪০)	০.২০ (.০৮০)	০.৩০ (.১২০)	০.৪০ (.১৬০)	০.৫০ (.২০১)	১.০০ (.৪০১)	২.০০ (.৮০২)	৩.০০ (১.২০)	-
বাণিজ্যিক												
৫.	কর্নার শপ/ বাজার/কাঁচা বাজার*	০.০৩০ (.০১২)	০.০৭৫ (.০৩০)	০.১৫০ (.০৬০)	০.৩০০ (.১২০)	০.৪৫০ (.১৮০)	০.৬০০ (.২৪১)	০.৭৫০ (.৩০১)	১.৫০০ (.৬০২)	৩.০০০ (১.২০৩)	৪.৫০০ (১.৮০৫)	-
প্রশাসনিক												
৬.	কেন্দ্রীয় বাণিজ্যিক ডিস্ট্রিক্ট (সিবিডি)*	০.০২০ (.০০৮)	০.০৫০ (.০২০)	০.১০ (.০৪০)	০.২০ (.০৮০)	০.৩০ (.১২০)	০.৪০ (.১৬০)	০.৫০ (.২০১)	১.০০ (.৪০১)	২.০০ (.৮০২)	৩.০০ (১.২১)	-
কমিউনিটি সেবাসমূহ												
৭.	ধর্মীয় সেবা	০.০২০ (.০০৮)	০.০৫০ (.০২০)	০.১০ (.০৪০)	০.২০ (.০৮০)	০.৩০ (.১২০)	০.৪০ (.১৬০)	০.৫০ (.২০১)	১.০০ (.৪০১)	২.০০ (.৮০২)	৩.০০ (১.২০)	-

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
চিত্ত বিনোদন												
৮.	খেলার মাঠ	০.০৩০ (.০১২)	০.০৭৫ (.০৩০)	০.১৫০ (.০৬০)	০.৩০০ (.১২০)	০.৪৫০ (.১৮০)	০.৬০০ (.২৪১)	০.৭৫০ (.৩০১)	১.৫০০ (.৬০২)	৩.০০০ (১.২০৩)	৪.৫০০ (১.৮০৫)	-
৯.	পার্ক/লেক	০.০৩০ (.০১২)	০.০৭৫ (.০৩০)	০.১৫০ (.০৬০)	০.৩০০ (.১২০)	০.৪৫০ (.১৮০)	০.৬০০ (.২৪১)	০.৭৫০ (.৩০১)	১.৫০০ (.৬০২)	৩.০০০ (১.২০৩)	৪.৫০০ (১.৮০৫)	-
রাস্তা												
১০.	সব ধরনের আবাসিক রাস্তা**	০.৬০০ (১.৪৮৩)	১.৫০ (.৬০৭)	৩.০০ (১.২১)	৬.০০ (২.৪৩)	৯.০০ (৩.৬৪)	১২.০০ (৪.৮৬)	১৫.০০ (৬.০৮)	৩০.০০ (১২.১)	৬০.০০ (২৪.৩)	৯০.০০ (৩৬.৪)	-
১১.	কমিউনিটি সেবাসমূহের মোট জায়গার পরিমাণ (সবনিন্ম)	০.৮৫৮ (.৩৪৭)	২.১৬ (.৮৭)	৪.২৯ (১.৭৪)	৮.৫৮ (৩.৪৮)	১২.৮৭ (৫.২২)	১৭.১৬ (৬.৯৬)	২১.৪৬ (৮.৭০)	৪২.৯০ (১৭.৪০)	৮৫.৮০ (৩৪.৮০)	১২৮.৭০ (৫২.১৯)	-
১২.	নীট আবাসিক এলাকা	১.৯৯৯ (০.৮১০)	৫.০০ (২.০২)	১০.০০ (৪.০৫)	২০.০০ (৮.১২)	৩০.০০ (১২.১৮)	৪০.০০ (১৬.২৪)	৫০.০০ (২০.৩০)	১০০.০০ (৪০.৬০)	২০০.০১ (৮১.২০)	৩০০.০২ (১২১.৮১)	-
১৩.	সামগ্রিক (Gross) আবাসিক এলাকা	২.৮৫৭ (১.১৫৯)	৭.১৪ (২.৮৯)	১৪.২৮ (৫.৭৮)	২৮.৫৭ (১১.৫৬)	৪২.৮৫ (১৭.৩৪)	৫৭.১৪ (২৩.১২)	৭১.৪৩ (২৮.৯১)	১৪২.৮৫ (৫৭.৮১)	২৮৫.৭১ (১১৫.৬২)	৪২৮.৫৭ (১৭৩.৪৪)	-
১৪.	জনসংখ্যা ঘনত্ব একক প্রতি	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	৩৫০ (৮৬৪)	-

** সব ধরনের রাস্তা অন্তর্ভুক্ত (বিদ্যমান সরকারি রাস্তা ব্যতীত)।

বিঃ দ্রঃ (১) প্রকল্প এলাকার আয়তন এবং রাস্তার পরিমাণ যাহাই হোক না কেন তফসিল-৩ এ বর্ণিত সার্ভিস ফ্যাসিলিটিস সমূহ অবশ্যই লে-আউট প্লানে সংস্থান করিতে হইবে।

(২) প্রকল্প এলাকার আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে অনুমোদনকারী কর্তৃপক্ষের পরামর্শ ও নির্দেশনা (বিধি ১১ ও বিধি ১২) মোতাবেক বিধি ১০ এর উপ-বিধি (৬) এর দফা (গ) অনুযায়ী বিভিন্ন ইউটিলিটি সার্ভিসের সংস্থান করিতে হইবে।

(৩) এই তফসিলের জনসংখ্যার যে কোন ভগ্নাংশের জন্য পরবর্তী এক হাজার জনসংখ্যার একক হিসেবে নাগরিক সুবিধাদির আয়তন নির্ধারিত হইবে।

(৪) বিধি ৮ অনুযায়ী সিটি কর্পোরেশন বা পৌর এলাকার অভ্যন্তরে ন্যূনতম প্রকল্প এলাকার ক্ষেত্রে তফসিল-৩ ছকের ন্যূনতম জনসংখ্যা (২৫০০ জন) এর জন্য নির্ধারিত কমিউনিটি সার্ভিস সমূহ প্রযোজ্য হইবে।

(৫) প্রকল্পের আয়তন ও জনসংখ্যার ঘনত্বের ভিত্তিতে আরবান কমিউনিটি সার্ভিস ৩০% এর চেয়ে কম হইলে খেলার মাঠ অথবা নার্সারী এবং প্রাইমারী স্কুলে অবশিষ্ট অংশ সংস্থান করিয়া ৩০% আরবান কমিউনিটি সার্ভিস নিশ্চিত করিতে হইবে।”;

(১০) তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“তফসিল-৪

তত্ত্বাবধান সনদ (Certificate of Supervision)

[বিধি ১৬(৪) দ্রষ্টব্য]

প্রকল্পের নাম:.....

রাজউকের অনুমোদন নম্বর ও তারিখ :

মালিক/অনুমোদিত উন্নয়নকারীর ঠিকানা :

তত্ত্বাবধান/পরিদর্শন/ব্যাপ্তিকাল/মেয়াদ :

.....

তত্ত্বাবধানকৃত কাজের বিবরণ :

পর্যবেক্ষণ ও মন্তব্য :

সংযুক্ত নকশা/দলিলপত্রাদি.....

.....

আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, উপর্যুক্ত প্রকল্প আমি তত্ত্বাবধান করিয়াছি। বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, অনুমোদিত লে-আউট প্ল্যান ও প্রকল্প অনুমোদনকালীন প্রদত্ত শর্তানুযায়ী প্রকল্পটির গুণগতমান ও নির্মাণশৈলীর যথার্থতা নিশ্চিতকরণে আমি দায়ী থাকিব।

.....
চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

নাম:.....

ঠিকানা:.....

সীল :.....

.....
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/স্থপতি/পরিদর্শনকারীর নাম:

নাম:.....

পেশাজীবী সংগঠনের নিবন্ধন নম্বর:

তারিখ :

সীল :

বিশেষ দ্রষ্টব্যঃ উপর্যুক্ত পরিদর্শন তত্ত্বাবধান কাজের স্পষ্টতা প্রদানে সহায়ক অতিরিক্ত পৃষ্ঠা যোগ করা যাইতে পারে।”;

(১১) তফসিল-৬ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৬, তফসিল-৭ ও তফসিল-৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“তফসিল-৬

অঞ্জীকার নামার ফরম্যাট

[বিধি-৩(২) (এ) দ্রষ্টব্য]

অঞ্জীকার নামা

(৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর)

আমি/আমরা

..... পিতা/স্বামী:

বর্তমান ঠিকানা.....

স্থায়ী ঠিকানা.....

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে নিম্নোক্ত শর্তাধীনে ‘বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪’ এর আওতায় (উদ্যোক্তা /উপদেষ্টা প্রতিষ্ঠান/ কারিগরী জ্ঞানসম্পন্ন ব্যক্তি) হিসেবে তালিকাভুক্তি/নিবন্ধীকরণের জন্য অঞ্জীকার নামা প্রদান করিতেছিঃ—

- ১। Town Improvement Act, 1953 (Act No. XIII of 1953), Building Construction Act, 1952 (Act No. II of 1953) এবং মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬ নং আইন) এর অধীন প্রণীত ‘বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪’ অনুসরণ পূর্বক করে সার্বিক দায়িত্ব পালন করিব।
- ২। মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ (২০০০ সনের ৩৬ নং আইন) এবং Building Construction Act, 1952 (Act No. II of 1953) এর অধীন প্রণীত ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) নির্মাণ বিধিমালা, ২০০৮ ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান অনুসারে প্রকল্পের বাস্তবায়ন, নির্ধারিত ফরমে রিপোর্ট দাখিল, As built Development Plan ইত্যাদি প্রদান নিশ্চিত করিব।

- ৩। আমি/আমরা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নগর পরিকল্পনাবিদ), পরামর্শক কমিটি এবং লে-আউট প্ল্যান অনুমোদনকারী কমিটি-এর নির্দেশ মোতাবেক তাদের সম্মুখে উপস্থিত হইব এবং চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট যে কোন বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদানে বাধ্য থাকিব।
- ৪। 'বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪' মোতাবেক প্রকল্প গ্রহণ ও অনুমোদনের পূর্বে যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন ব্যতিরেকে প্রকল্প সংক্রান্ত কোন বিজ্ঞাপন প্রদান বা প্রচারনা করিব না। এই ধরনের বিধি বহির্ভূত কাজে লিপ্ত হলে কর্তৃপক্ষ আমার/আমাদের নিবন্ধন বাতিল করিতে পারিবে। ইহাতে আমার কোন ওজর আপত্তি থাকিবে না।*
- ৫। আমি/আমার পেশাজীবী প্রতিষ্ঠান (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান) এর সদস্য পদের Code of Ethics অনুসারে দায়িত্ব পালন করিব এবং আমার কর্তৃক এহেন দায়িত্ব পালনে কোন ত্রুটি বা গাফিলতি চিহ্নিত হইলে বা উপরোক্ত আইন/কোড/বিধিমালার কোন বিধান লংঘন করিলে আমার/আমাদের বিরুদ্ধে আমার/আমাদের পেশাজীবী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা আমি/আমরা মানিয়া নিতে বাধ্য থাকিব (উপদেষ্টা প্রতিষ্ঠান/ফার্মের ক্ষেত্রে সকল কারিগরী ব্যক্তিবর্গকে আলাদা আলাদাভাবে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে)**
- ৬। উপরি-উক্ত কার্যক্রমসহ বিধি-বিধানের পরিপন্থী কোন অভিযোগ প্রমাণিত হইলে তালিকাভুক্তি/নিবন্ধীকরণ বাতিলসহ কর্তৃপক্ষ আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল (নাম সহকারে)

(বিঃদ্রঃ—প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা নোটারী পাবলিক কর্তৃক প্রতিস্বাক্ষরিত/সত্যায়িত হইতে হইবে)।

* ধারা ৪ উদ্যোক্তার জন্য প্রযোজ্য হইবে।

** ধারা ৫ উপদেষ্টা প্রতিষ্ঠান এবং কারিগরী বিশেষজ্ঞ/জ্ঞানসম্পন্ন ব্যক্তির জন্য প্রযোজ্য হইবে।

‘তফসিল-৭

স্থপতি/প্রকৌশল/পরিকল্পনাবিদের প্রকল্পে নিয়োজিত হওয়ার সম্মতিপত্র

[বিধি-৩(২) (চ), (ছ), (জ) দ্রষ্টব্য]

আমি.....পিতা

বর্তমান ঠিকানা.....

স্থায়ী ঠিকানা.....

আমি এই প্রতিষ্ঠান.....এ.....

হিসাবে..... খ্রিস্টাব্দ তারিখ হইতে নিয়োজিত/উপদেষ্টা হিসাবে
 আছি। এই প্রতিষ্ঠানের লে-আউট প্ল্যান প্রণয়নসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম বেসরকারী আবাসিক
 প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪, ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ)
 নির্মাণ বিধিমালা, ২০০৮, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং অন্যান্য প্রযোজ্য বিধি-বিধান
 অনুসরণপূর্বক কার্য সম্পাদন করিব। পেশাজীবী সংগঠনে আমার সদস্য নং..... এবং
 রাজউক কার্যক্রম পালনের জন্য পেশাজীবী সংগঠনে আমার নিবন্ধন নম্বর.....।

(.....)

স্বাক্ষর :

ব্যবস্থাপনা পরিচালক

নাম:

(উপদেষ্টা প্রতিষ্ঠান/উদ্যোক্তা প্রতিষ্ঠান)

নাম:

(স্থপতি/প্রকৌশলী/পরিকল্পনাবিদ)

ঠিকানা:

পদবী :

ঠিকানা :

তফসিল-৮

[বিধি ২ (ঝঝ) ও বিধি ৪ক দৃষ্টব্য]

বিদ্যমান প্রকল্পের তালিকা

ক. অনুমোদিত বিদ্যমান প্রকল্পের তালিকাঃ

- ১। ইন্টার্ন হাউজিং লিঃ এর পল্লবী আবাসিক প্রকল্প (১ম পর্ব) এর ৩০.৪৪ একর (২১/০৩/১৯৮৪)।
- ২। বায়তুল আমান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি এর বায়তুল আমান কো-অপারেটিভ হাউজিং প্রকল্পের ১২.০০ একর (২৭/০৬/১৯৮৪)।
- ৩। ইন্টার্ন হাউজিং লিঃ এর আরামবাগ কো-অপারেটিভ হাউজিং সোসাইটি (মিরপুর ল্যান্ড প্রজেক্ট) এর (ক) ৭.৫৯ একর (১ম পর্যায়) (২০/০৮/১৯৮৪) এবং (খ) ২৪.৫০ একর (২য় পর্যায়) (২৩/০৬/১৯৮৬)।
- ৪। মোহাম্মদপুর হাউজিং পিসিকালচার এন্ড ফার্মিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর মোহাম্মদপুর হাউজিং পিসিকালচার এন্ড ফার্মিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ (পিসিকালচার হাউজিং) এর (ক) ৭.৮০ একর (১ম পর্যায়) (০৩/১২/১৯৮৫), এবং (খ) ৩৮.০১ একর (২য় পর্যায়) (১৬/০৩/১৯৮৭)।
- ৫। ইন্টার্ন হাউজিং লিঃ এর কল্যাণপুর ল্যান্ড প্রজেক্ট এর ৩.৫৪ একর (২৯/০৫/১৯৮৬)।
- ৬। আদর্শ ছায়ানীড় গৃহ নির্মাণ সমবায় সমিতি লিঃ এর ১.৪৯ একর (০৫/০৬/১৯৮৬)।
- ৭। শিকদার রিয়েল এস্টেট লিঃ এর শিকদার রিয়েল এস্টেট লিঃ প্রকল্পের (ক) ১২.৭৩ (১ম পর্যায়) (১৩/০৭/১৯৮৬) ও (খ) ২৮.২২ একর (২য় পর্যায়) (০৩/০৩/১৯৮৭)।
- ৮। আব্দুর রফিক হাউজিং লিঃ এর আব্দুর রফিক হাউজিং, মোহাম্মদপুর এর ১০.১৫ একর (১৭/০৭/১৯৮৬);
- ৯। সুনিবিড় গৃহ নির্মাণ সমবায় সমিতি লিঃ এর সুনিবিড় গৃহ নির্মাণ সমবায় সমিতি প্রকল্পের ১৮.৭১ একর (২০/০৪/১৯৮৭)।
- ১০। মেট্রোপলিটন খৃষ্টিয়ান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর মেট্রোপলিটন খৃষ্টিয়ান কো-অপারেটিভ হাউজিং প্রকল্পের কমবেশী ৫.০০ একর (১৮/০৮/১৯৮৭)।
- ১১। ইন্টার্ন হাউজিং লিঃ এর বনশ্রী নিউ টাউন (বনশ্রী ও আফতাব নগর) আবাসিক প্রকল্পের ১৩১০.০০ একর (উক্ত প্রকল্পের ১৫১৫.৭০ একরের অন্তর্ভুক্ত সংশোধিত ও সম্প্রসারিত এলাকা অনুমোদিত নয়) (২১/০৯/১৯৮৭)।
- ১২। ইন্টার্ন হাউজিং লিঃ এর মহানগর প্রকল্পের ১৯৭.২১ একর (উক্ত প্রকল্পের সংশোধিত ১০৮ একর অনুমোদিত নয়) (২১/০৯/১৯৮৭)।
- ১৩। ইন্টার্ন হাউজিং লিঃ এর পল্লবী ২য় পর্ব (গোড়ান চটবাড়ী) আবাসিক প্রকল্পের ২৩২.২৭ একর (উক্ত প্রকল্পের ৩৩৫.৪১ একরের অন্তর্ভুক্ত সংশোধিত ও সম্প্রসারিত এলাকা অনুমোদিত নয়) (২২/১০/১৯৮৭)।
- ১৪। ইন্টার্ন হাউজিং লিঃ এর বাগবাড়ী, মিরপুর (শীশ মহল ল্যান্ড প্রজেক্ট) এর ৩.৭৪ একর (২২/১০/১৯৮৭)।

- ১৫। ইষ্টার্ন হাউজিং লি: এর কে,এম দাস লেন আবাসিক প্রকল্পের ১.৩৩ একর (২২/১০/১৯৮৭)।
- ১৬। ইষ্টার্ন হাউজিং লি: এর রায়ের বাজার প্রকল্পের ৩.৩২ একর (২২/১০/১৯৮৭)।
- ১৭। ইষ্টার্ন হাউজিং লি: এর পোস্তগোলা আবাসিক প্রকল্পের ২.২২ একর (২২/১০/১৯৮৭)।
- ১৮। ক্যাপ হাসন হাউজিং লি: এর ক্যাপ হাসন হাউজিং প্রকল্পের ৬.১৩ একর (০২/১১/১৯৮৭)।
- ১৯। ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লি: এর বসুন্ধরা আবাসিক প্রকল্পের (১ম পর্ব) ৩০৫.০০ একর এর মধ্যে ব্লক-এ, বি, সি(পূর্ণ) এবং ডি,ই,এফ (আংশিক) (৩০/১২/১৯৮৭, ১৩/১০/১৯৮৮, ৩০/০৭/১৯৯০, ২৪/১২/১৯৯০)।
- ২০। ইষ্টার্ন হাউজিং লি: এর পোস্তগোলা রিভারভিউ ল্যান্ড প্রজেক্ট এর ৯.৫৯ একর (১৮/০৯/১৯৮৯)।
- ২১। ইষ্টার্ন হাউজিং লি: এর বাসাবো আবাসিক প্রকল্পের ৩.০৩ একর (১৮/০৯/১৯৮৯)।
- ২২। জনতা হাউজিং কো-অপারেটিভ সোসাইটি লি: এর জনতা হাউজিং কো-অপারেটিভ সোসাইটি প্রকল্পের ৪.৬৩ একর (২১/০৭/১৯৯০)।
- ২৩। মুক্তি রিয়েল এস্টেট লি: এর মুক্তি আবাসিক প্রকল্পের ২.৩১ একর (২৪/০৯/১৯৯০)।
- ২৪। শেলটেক প্রাইভেট লি: এর মল্লিকা আবাসিক প্রকল্পের ৪.৫৩ একর (০১/০৭/১৯৯০)।
- ২৫। প্রবাল হাউজিং লি: এর প্রবাল হাউজিং লিঃ প্রকল্পের ২.৮০ একর (৩০/০৪/১৯৯২)।
- ২৬। ইষ্টার্ন হাউজিং লি: এর নিকেতন আবাসিক প্রকল্পের ৫৮.৬৪ একর (২৯/০৯/২০০৩)।

খ. অননুমোদিত বিদ্যমান প্রকল্পের তালিকা:

- ১। সাভার থানাধীন খাগান ও অন্যান্য মৌজাস্থিত আমিন মোহাম্মদ ডেভেলপমেন্ট লি: এর আশুলিয়া মডেল টাউন এর কমবেশি ৫০০ বিঘা ভূমির উপর প্রকল্প অনুমোদন (আবেদনের তারিখঃ ২০/০৪/২০০৩ইং)।
- ২। মাতুয়াইল, দক্ষিণগাঁও ও কামারপাড়া মৌজাস্থিত এলাকায় আমিন মোহাম্মদ ল্যান্ডস ডেভেলপমেন্ট লি: কর্তৃক ৫০০ বিঘা জমির উপর প্রকল্প অনুমোদনের আবেদন (আবেদনের তারিখঃ ২৯/০৩/২০০০ইং)।
- ৩। বসুন্ধরা আবাসিক প্রকল্প (বারিধারা) নিবন্ধীকরণের জন্য আবেদন (আবেদনের তারিখঃ ২৭/০৪/২০০৪, মৌজার নাম ও জমির পরিমাণ উল্লেখ নেই।
- ৪। বসুন্ধরা রিভারভিউ আবাসিক প্রকল্প নিবন্ধীকরণের জন্য আবেদন (আবেদনের তারিখঃ ২৭/০৪/২০০৪, মৌজার নাম ও জমির পরিমাণ উল্লেখ নেই।
- ৫। নারায়ণগঞ্জ জেলার বন্দর থানাধীন উত্তর চানপুর ও কেওঢালা মৌজায় অবস্থিত ইস্ট টাউন, গাজীপুর জেলার টঞ্জী থানাধীন গুটিয়া ও বাদেপলাসোনা মৌজায় নর্থ টাউন ও ঢাকা জেলার কেরানীগঞ্জ বাঘের মৌজায় অবস্থিত সাউথ টাউন আবাসিক প্রকল্প প্রসঙ্গে বাংলাদেশ ডেভেলপমেন্ট কোম্পানী লি: (আবেদনের তারিখঃ ১৯/১১/২০০৩, জমির পরিমাণ উল্লেখ নেই)।
- ৬। নারায়ণগঞ্জ জেলার দেউলপাড়া মৌজাস্থিত কমবেশি ১১.০৭ একর জমির তানিনকুঞ্জ হাউজিং প্রকল্প বিষয় কর্তৃপক্ষের ০৪/২০০৩ তম সাধারণ সভায় ১১.০৩ একর ভূমির উপর ভূমি ব্যবহার অনাপত্তি পত্র প্রদান করা হয়।

- ৭। ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন কানাখোলা, রায়তল্লী, বোয়ালী ও ব্রাহ্মণকিত্তা মৌজাস্থিত কমবেশি ৩১০.৫০ একর জমির উপর শরীফ হাউজিং কোং লি: কর্তৃক স্মারক নং-রাজউক/ন:প:/৬-১৭৭/৭৯ স্থা:, তাং- ১৬/০৬/২০০৩ এর মাধ্যমে অনাপত্তি প্রদান করা হয়।
- ৮। জোয়ার সাহারা, দক্ষিণ খান ও বরুয়া মৌজার বনানী প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লি: এর বনরূপা আবাসিক প্রকল্পের বিষয়ে স্মারক নং-রাজউক/ন:প:/৬-১৬৯/৪১২স্থা:, তাং-১৫/০৭/৯৯ইং এর মাধ্যমে অনাপত্তি পত্র প্রদান করা হয়।
- ৯। নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার চরচৈকাকান্দি ও পিরোজপুর মৌজায় কমবেশি ২৫ (পঁচিশ) বিঘা জমিতে আবাসিক ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান করা হয়, স্মারক নং-রাজউক/নঃপঃ/৬-১৯০/৬৬স্থা, তাং-২৯/০২/২০০১ইং এর মাধ্যমে কনকর্ড ল্যান্ডস ডেভেলপমেন্ট লিঃ এর অনুকূলে প্রদান করা হয়।
- ১০। ঢাকা জেলার ডেমরা থানাধীন, মাতুয়াইল মৌজায় কমবেশি ৮.৬৮ একর ভূমিতে ব্রাক কনকর্ড ল্যান্ডস লি: এর আবাসিক প্রকল্পের ভূমি ব্যবহার তথ্যপত্র অনুমোদন করা হয়, স্মারক নং-রাজউক/ন:প:/২১-২৩(অংশ-৪৬)১০৭স্থা:, তাং-০৮/০৮/২০০১ইং এর মাধ্যমে।
- ১১। স্বদেশ প্রপার্টিজ লি: এর স্বর্ণালী আবাসিক প্রকল্প এর ১০০ বিঘা জমির উপর আবাসিক প্রকল্প প্রতিষ্ঠার বিষয়ে গত ০৩/০৬/২০০৩ তারিখে আবেদন করা হয়।
- ১২। স্বদেশ প্রপার্টিজ লি: এর সানভ্যালি আবাসিক প্রকল্পের ১১০ বিঘা জমির উপর আবাসিক প্রকল্প প্রতিষ্ঠার বিষয়ে গত ১২/০৪/২০০৪ তারিখে আবেদন করা হয়।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রহমত উল্লাহ মোঃ দস্তগীর এনডিসি
যুগ্ম সচিব।